Term-Wise Examination Guide
Class - IX
Seassion : 2019-20
Subject : Bengali (বাংলা)
Name of the Book : 'সাহিত্য মালঞ্চ' - নবম শ্রেণি

ষান্মাসিক পরীক্ষা

পদ্য ঃ ১) বঙ্গমাতা - রবীন্দ্রনাথ ঠাকুর ২) লবকুশের যজ্ঞাশ্ব বন্ধব - কৃত্তিবাস ওঝা

গদ্য ঃ ১) অচেনার আনন্দ - বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় ২) প্রফুল্ল বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়

ছোটোগল্প ঃ ইচ্ছাপূরণ - রবীন্দ্রনাথ ঠাকুর

সাধারণ ব্যাকরণ ঃ উচ্চারণ স্থান ও উচ্চারণ রীতি অনুসারে ধ্বনির বর্গীকরণ, সন্ধি, সন্ধির প্রকারভেদ, স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি, বিসর্গ সন্ধি, খাঁটি বাংলা সন্ধি, নিপাতনে সিদ্ধ সন্ধি।

পাঠ্যাংশের ব্যাকরণ ঃ পদ পরিবর্তন, কারক ও বিভক্তি।

নির্মিতি ঃ বন্ধুর নিকট পত্র, ব্যক্তিগত পত্র, প্রতিবেদন, প্রবন্ধ (অনির্দিষ্ট)

বার্ষিক পরীক্ষা

পদ্য ঃ ১) ছাড়পত্র - সুকান্ত ভট্টাচার্য ২) ঝিঙেফুল - কাজী নজরুল ইসলাম

গদ্য ঃ ১) ছুটির দেশ - রবীন্দ্র নাথ ঠাকুর ২) আদিবাসী ত্রিপুরী সমাজের পূজা উৎসব - বিজয় কুমার দেববর্মন

ছোটোগল্প ঃ অভাগীর স্বর্গ - শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

সাধারণ ব্যাকরণ ঃ (১) সমাস, কারক ও বিভক্তি (সম্প্রদান কারক বর্জনীয়), সমাস — তৎপুরুষ, কর্মধারয়, দ্বন্দ্ব, বহুব্রীহি, দ্বিগু, নিত্য।

(২) উপসর্গ ও অনুসর্গ ঃ— সংস্কৃত উপসর্গ, বাংলা উপসর্গ, বিদেশি উপসর্গ। অনুসর্গের প্রকারভেদ, উপসর্গ ও অনুসর্গ, বিভক্তি ও অনুসর্গ।

(৩) একপদীকরণ - 'সাহিত্য মালঞ্চে' প্রদত্ত নির্বাচিত ৮০টি।

পাঠ্যাংশের ব্যাকরণ ঃ পদ পরিবর্তন, ভাষারীতি পরিবর্তন।

নির্মিতি ঃ চিঠি, ভাবসম্প্রসারণ, প্রতিবেদন, প্রবন্ধ (অনির্দিষ্ট)

প্রশ্নপত্রে রয়েছে চারটি বিভাগ —

বিভাগ ‘ক’ বোধ পরীক্ষণ		মোট নম্বর - ০৪
‘খ’ নির্মিতি		মোট নম্বর - ০৫
(ভাব সম্প্রসারণ, প্রতিবেদন, চিঠি)		
‘গ’ বিভাগ	সাধারণ ব্যাকরণ	মোট নম্বর - ১০
	পাঠ্যাংশের ব্যাকরণ	মোট নম্বর - ০৫
‘ঘ’ বিভাগ	সাহিত্য (গদ্য, পদ্য, ছোটগল্প)	মোট নম্বর ১৬

প্রথম এবং দ্বিতীয় সাময়িক পরীক্ষা
নবম শ্রেণি
বিষয় ঃ বাংলা
(নম্বর বিভাজনের রূপরেখা)

মান	শব্দসংখ্যা
মান-১	১টি শব্দ / বাক্যে
মান - ৫	১০০-১২০টি শব্দ

বিভাগ	স্থান	মান-১	মান-৫	মোট
ক)	পঠন-বোধ পরীক্ষণ	১ x ৪ = ৪	–	০৪
খ)	নির্মিতি- (অ) ভাব সম্প্রসারণ; প্রতিবেদন, চিঠি	–	৫ x ১ = ৫	০৫
	(আ) প্রবন্ধ			
গ)	ব্যাকরণ - (অ) সাধারণ ব্যাকরণ	–	৫ x ২ = ১০	১০
	(আ) পাঠ্যাংশের ব্যাকরণ	–	৫ x ১ = ৫	০৫
ঘ)	সাহিত্য - (অ) পদ্য	১ x ২ = ২	১ x ৫ = ৫	০৯
	(আ) পদ্য	১ x ২ = ২	গদ্য / পদ্য	
	(ই) ছোটোগল্প	১ x ২ = ২	৫ x ১ = ৫	০৭
		১ x ১০ = ১০	৫ x ৬ = ৩০	

সর্বমোট - ৪০

* সাধারণ ব্যাকরণের প্রশ্নসমূহে অথবা থাকবে না। নম্বর বিভাজন করা যাবে।

** পাঠ্যাংশের ব্যাকরণ, নির্মিতি, ছোটোগল্পের ব্যাখ্যামূলক প্রশ্নে অথবা থাকবে। নম্বর ইচ্ছানুযায়ী বিভাজন করা যেতে পারে।

*** ৫ মানের প্রশ্ন গদ্য থেকে একটি থাকবে। অথবা দিয়ে পদ্যের একটি প্রশ্ন দিতে হবে। নম্বর বিভাজিত করা যেতে পারে।

ষান্মাসিক ও বার্ষিক পরীক্ষা

নবম শ্রেণি

বিষয় ঃ বাংলা

প্রশ্নপত্রে রয়েছে চারটি বিভাগ —

বিভাগ ‘ক’ বোধ পরীক্ষণ		মোট নম্বর - ০৫	
‘খ’ নির্মিতি		মোট নম্বর - (৮ + ৫) =১৩	
(ভাব সম্প্রসারণ, প্রতিবেদন, চিঠি)			
‘গ’ বিভাগ	সাধারণ ব্যাকরণ	মোট নম্বর - ২০	
	পাঠ্যাংশের ব্যাকরণ	মোট নম্বর - ০৪	
‘ঘ’ বিভাগ	সাহিত্য-গদ্য	মোট নম্বর ১৫	
	পদ্য	মোট নম্বর ১৫	
	ছোটোগল্প	মোট নম্বর ০৮	
		সর্বমোট নম্বর ৮০	

মান	শব্দসংখ্যা
মান-১	১টি শব্দ/বাক্যে
মান-৪	৭০-৯০টি শব্দে
মান-৫	১০০-১২০টি শব্দে
মান-৮	১৫০-২০০টি শব্দে

বিভাগ	স্থান	মান-১	মান-৪	মান-৫	মান-৮	মোট নম্বর
ক)	পঠন-বোধ পরীক্ষণ	০৫	—	—	—	০৫
খ)	নির্মিতি - (অ) ভাব-সম্প্রসারণ, প্রতিবেদন, চিঠি	—	—	০১	—	০৫
	(আ) প্রবন্ধ	—	—	—	০১	০৮
গ)	ব্যাকরণ -					
	(অ) পাঠ্যাংশের ব্যাকরণ	—	০১	—	—	০৪
	(আ) সাধারণ ব্যাকরণ	—	০৫	—	—	২০
ঘ)	সাহিত্য - (অ) গদ্য	০৫ S.Q-3, M.C.Q. -2	—	০২	—	১৫
	(আ) পদ্য	০৫ S.Q-3, M.C.Q. -2	—	০২	—	১৫
	(ই) ছোটোগল্প	০৪ S.Q-2, M.C.Q. -2	০১	—	—	০৮

১ x ১৯ = ১৯ ৪ x ৭ = ২৮ ৫ x ৫ = ২৫ ৮ x ১ = ৮ সর্বমোট - ৮০

* ৪ ও ৫ মানের প্রশ্নের ক্ষেত্রে অথবা থাকবে। নম্বরের বিভাজন করা যাবে। তবে সাধারণ ব্যাকরণের প্রশ্নসমূহে অথবা দেওয়া হবে না।

** ৮ মানের প্রশ্নের ক্ষেত্রে তিনটির মধ্যে একটির উত্তর করতে হবে।

নবম শ্রেণির বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্নপত্র

বিষয় - বাংলা

সময় - ৩ ঘন্টা **মোট নম্বর - ৮০**

বিভাগ - ক

১। নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলোর উত্তর দাও ঃ **১ x ৫= ৫**

টেলিফোন যন্ত্রটি আবিষ্কার করেছিলেন আলেকজান্ডার গ্রাহাম বেল। তিনি ছিলেন আমেরিকাবাসী এক স্কটিশ বিজ্ঞানী। ১৮৪৭ সালের ৩রা মার্চ স্কটল্যান্ডের এডিনবরা শহরে তাঁর জন্ম হয়েছিল। তাঁর পূর্বপুরুষদের সকলেই কণ্ঠস্বরের কারবারি ছিলেন বলা যায়। তাঁর পিতামহের নাম ও ছিল গ্রাহাম বেল। তিনি ছাত্রদের কথা বলা ও বক্তৃতা দেওয়ার কৌশল শেখাতেন। আর তাঁর পিতা আলেকজান্ডার মেলভিন বেল লন্ডনে বধিরদের শিক্ষক ছিলেন। বেলের বয়স যখন একুশ তখন তিনি গেলেন বাবাকে সাহায্য করতে, ছাত্রদের লেখাপড়া শেখাবার অবসরে শারীরবিদ্যা মন দিয়ে পড়াশোনা করলেন। তাদের পরিবার ১৮৭০ খ্রিষ্টাব্দে কানাডায় চলে গেলে বেল বোস্টন বিশ্ববিদ্যালয়ে কণ্ঠবিষয়ক শারীরতত্ত্বের অধ্যাপক নিযুক্ত হন। বধিরদেরও শিক্ষক ছিলেন বেল। বধিরদের প্রতি অত্যন্ত সহানুভূতিশীল ছিলেন বেল। টেলিফোন আবিষ্কারের পরে তাঁর বিশ্বজোড়া খ্যাতি ও প্রচুর অর্থ হলেও তিনি বধিরদের শিক্ষা বিষয়ে সমান আগ্রহী ছিলেন।

ক) টেলিফোন যন্ত্রটি কে আবিষ্কার করেন?

খ) আলেকজান্ডার মেলভিন বেল কে ছিলেন ?

গ) তিনি মূলত কাদের শিক্ষক ছিলেন?

ঘ) 'বধির' কাদের বলা হয়?

ঙ) আলেকজান্ডার গ্রাহাম বেল কোন বিশ্ববিদ্যালয়ে শারীরতত্ত্বের অধ্যাপক হিসাবে নিয়োজিত হয়েছিলেন?

বিভাগ - খ

২। ভাবসম্প্রসারণ করো ঃ (১০০ থেকে ১২০ শব্দের মধ্যে)

"সংকোচের বিহ্বলতা নিজেরে অপমান
সংকটের কল্পনাতে হয়োনা ম্রিয়মাণ।
মুক্ত করো ভয়,
আপনা - মাঝে শক্তি ধরো নিজেরে করো জয়"। ৫

অথবা

ম্যালেরিয়া রোগ থেকে বাঁচতে আমাদের কী করা উচিত — এ নিয়ে স্থানীয় পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ৫

৩। যে কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো ঃ (১৫০ থেকে ২০০ শব্দের মধ্যে) ৮

ক) তোমার দেখা ত্রিপুরার একটি গ্রাম

খ) বিজ্ঞান চর্চার গুরুত্ব

গ) গাছ আমাদের বন্ধু।

বিভাগ - গ

৪। পদ পরিবর্তন করো ঃ **১ x ৪ = ৪**

বিজয়, আসমান, দেহ, আদর

অথবা

নির্দেশ অনুসারে ভাষার রূপান্তর করো ঃ **১ x ৪ = ৪**

অ) এবার বাড়ি হইতে যাইবার সময় হরিহর ছেলেকে সঙ্গো করিয়া লইয়া চলিল। (চলিত ভাষা)

আ) কেউ কেউ আবার সমতল জায়গায় ও বসবাস করে থাকে। (সাধুভাষা)

ই) গিন্নি আর বুঝিতে পারিলেন না। (চলিতভাষা)

ঈ) খুব সরু করে সুপুরি কাটতে পারতুম। (সাধুভাষা)

৫। সন্ধি বিচ্ছেদ করো ঃ **১ x ৪ = ৪**

ব্যর্থ, স্বাধীনতা, কিন্তু, অত্যন্ত।

৬। ব্যাসবাক্যসহ সমাস নির্নয় করো ঃ **১ x ৪ = ৪**

সিংহাসন, শশব্যস্ত, যুগান্তর, পঞ্চবটী।

৭। একপদে পরিণত করো ঃ **১ x ৪ = ৪**

আগুনের ফুলকি, ঈষৎ উষ্ণ, কাচের তৈরী বাড়ি, অশ্বের ডাক।

৮। উদাহরণ দাও ঃ **১ x ৪ = ৪**

মহাপ্রাণ ধ্বনি, কণ্ঠ্যস্বরধ্বনি, কর্মতৎপুরুষ সমাস, বাংলা উপসর্গ।

৯। পার্থক্য লেখো ঃ (দুটি করে) **২ + ২ = ৪**

(অ) সন্ধি ও সমাস

(আ) উপসর্গ ও অনুসর্গ

বিভাগ - ঘ

১০। একটি পূর্ণাঙ্গ বাক্যে উত্তর দাও ঃ **১ x ৮ = ৮**

ক) 'আমি বিধবা অনাথিনি' — উক্তিটি কার?

খ) পেট ভরে খেয়ে কাদের ঝিমুনি এসেছে?

গ) কে মাছ ধরার দোয়াড়ি পাততে যেত?

ঘ) 'প্রমাদ' শব্দের অর্থ লেখো।

ঙ) 'গৃহক্রোড়ে চিরশ্লি করে' কাদের আর না রাখতে বলা হয়েছে?

চ) নবজাতকের কাছে কবির দৃঢ় অঙ্গীকারটি কী?

ছ) সুবলচন্দ্র এক একদিন কী ভুলে যেত?

জ) সাতদিনের জ্বরে ভুগে কার মৃত্যু হয়েছে?

১১। সঠিক উত্তরটি লেখো ঃ **১ x ৬ = ৬**

ক) খারচি পূজা হয় প্রতি বছর —

(অ) আষাঢ় মাসে

(আ) বৈশাখ মাসে

(ই) চৈত্র মাসে

(ঈ) শ্রাবণ মাসে

খ) গুরুমশায়ের পাঠশালা বসত —

(অ) শিব বাড়িতে

(আ) লক্ষ্মী নারায়ণ বাড়িতে

(ই) চন্ডীমণ্ডপে

(ঈ) গ্রামের মাঠে

গ) পলাশ ফুল দেখতে হয় —

(অ) সাদা

(আ) কালো

(ই) সবুজ

(ঈ) লাল

ঘ) 'আসমান' শব্দের অর্থ —

(অ) মাটি

(আ) আকাশ

(ই) বাতাস

(ঈ) সমুদ্র

ঙ) 'সব ব্যাটারাই এখন বামুন-কায়েত হতে চায়' — উক্তিটি —

(অ) মুখোপাধ্যায় মহাশয়ের বড়ো ছেলের

(আ) মুখোপাধ্যায় মহাশয়ের ছোট ছেলের

(ই) মুখোপাধ্যায় মহাশয়ের সেজ ছেলের

(ঈ) ভট্টাচার্য বাড়ির বড়ো ছেলের

চ) তেতো পাঁচন তৈরী করে আনতে গিয়েছিলেন —

(অ) সুশীলচন্দ্র

(আ) সুবলচন্দ্র

(ই) লক্ষ্মী ঠাকরুণ

(ঈ) বোস বাড়ির ছেলে

১২। 'এদিকে মানুষের বসতি আটক পড়েছে নীচের তলায় চারকোণা দেয়ালের প্যাকবাক্সে'।

(অ) উদ্বৃতাংশের উৎস লেখো।

(আ) কার উক্তি?

(ই) লেখক এখানে কী বলতে চেয়েছেন? ১ + ১ + ৩ = ৫

অথবা

প্রফুল্ল রচনাংশ অবলম্বনে 'প্রফুল্ল' চরিত্রের একটি রূপরেখা অঙ্কন করো। ৫

১৩। ‘আজ সেই অপু সর্বপ্রথম গ্রামের বাইরে পা দিল।’

(অ) অপুর পরিচয় দাও।

(আ) গ্রামের বাইরে পা দিয়ে অপুর মনে কীরকম প্রতিক্রিয়া হয়েছে লেখো। ২ + ৩ = ৫

অথবা

‘এই প্রথা অদ্যপি প্রচলিত হয়ে আসছে।

(অ) কে কোন প্রসঙ্গো এই উক্তি করেছেন?

(আ) প্রথাটির পরিচয় দাও। ২ + ৩ = ৫

১৪। ‘একুশ মানে

ঢাকা-শিলচর

বর্ণমালার গান’।।

—একুশের সঙ্গো ঢাকা-শিলচরের কীভাবে সম্পর্কিত লেখো। ৫

অথবা

‘সে পেয়েছে ছাড়পত্র এক’

(অ) কে ছাড়পত্র পেয়েছে?

(আ) তার জন্য কী কী করণীয় আছে? ১ + ৪ = ৫

১৫। “আতপ তন্ডুল হোম করে কোটি কোটি।”

(অ) ‘আতপ তন্ডুল’ বলতে কী বোঝ?

(আ) ‘হোম’ শব্দের অর্থ লেখো।

(ই) এটি করার পেছনে কোন কারণ রয়েছে? ১ + ১ + ৩ = ৫

অথবা

‘পউষের বেলা শেষ

পরি জাফরানি বেশ।’

(অ) উদ্ধৃতাংশের উৎস লেখো। কে জাফরানি বেশ পরিধান করেছে?

(আ) ‘পরি জাফরানি বেশ’ কথার অর্থ কী?

(ই) পউষের বেলা শেষে কী দেখা যায়? ২ + ১ + ২ = ৫

১৬। ‘আমি খানিকটা পাঁচন তৈরী করে নিয়ে আসি।’

(অ) কে কাকে একথা বলেছে?

(অ) বক্তা উদ্দিষ্ট ব্যক্তিকে পাঁচন খাওয়াতে চেয়েছিল কেন? ২ + ২ = ৪

অথবা

‘এই ঘন্টা দুয়েকের অভিজ্ঞতায় সংসারে সে যেন একেবারে বুড়া হইয়া গিয়াছিল।’

(অ) কার কথা বলা হয়েছে?

(অ) সংক্ষেপে তার অভিজ্ঞতা বর্ণনা করো। ১ + ৩ = ৪